# দুঃস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচি

## সমাপনী প্রতিবেদন

### কার্যক্রম এলাকা: কামারখন্দ উপজেলা




**সহযোগিতায়:**

**মহিলা বিষয়ক অধিদপ্তর**

**বাস্তবায়নে:**

**ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)**

এনডিপি ভবন, বাগবাড়ি, শহীদনগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩

# কার্যক্রমের সার-সংক্ষেপ

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তরের সহায়তায় বিগত ০১ আগস্ট, ২০২১ তারিখ থেকে শুরু করে ৩১ ডিসেম্বর, ২০২২ তারিখ পর্যন্ত ভিজিডি কর্মসুচী বাস্তবায়ন করেছে। এনডিপি ভিজিডি কর্মসূচিটি সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলার ৪টি ইউনিয়নে (ভদ্রঘাট, ঝাঐল, জামতৈল ও রায়দৌলতপুর) বাস্তবায়ন করেছে। ভিজিডি কর্মসূচীর দীর্ঘ মেয়াদী উদ্দেশ্য হলো বাংলাদেশের দরিদ্র পীড়িত এবং দুঃস্থ গ্রামীণ মহিলাদের আর্থ- সামাজিক অবস্থার ইতিবাচক উন্নয়ন করা, যাতে তারা বিদ্যমান খাদ্য নিরাপত্তাহীনতা, পুষ্টিহীনতা, অর্থনৈতিক নিরাপত্তাহীনতা এবং নিম্ন সামাজিক মর্যাদার অবস্থানকে সফলভাবে অতিক্রম করে চরম দারিদ্র স্তরের উপরের অবস্থানে টিকে থাকার সক্ষমতা অর্জন করতে পারে।

উল্লেখ্য কর্মসূচিটিরবাস্তবায়নের মাধ্যমে এসডিজির ২নং গোল ক্ষুধা ও অনাহার দূরীকরণ, খাদ্য নিরাপত্তা অর্জন ও পুষ্টির টেকসই উন্নয়ন অর্জিত হবে।

কর্মসূচির উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে ইউনিয়ন ভিত্তিক বিভিন্ন ধরনের কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। কর্মসুচীর মধ্যে ছিল নির্ধারিত ১০টি মডিউল এর মধ্যে জীবন দক্ষতামূলক ৫টি, উদ্দ্যোক্তা উন্নয়ন, ব্যবসা বাছাই ও ব্যবসা পরিকল্পনা তৈরি ১টি এবং আয়বৃদ্ধিমূলক ৩টি। উপরোক্ত মডিউল অনুযায়ী সংস্থা কর্তৃক নিয়োগপ্রাপ্ত প্রশিক্ষক ভিজিডি সদস্যদের গ্রুপ ভিত্তিক প্রশিক্ষণ করায়।

## প্রধান প্রধান অর্জন সমূহ

- সকল সদস্যদের নিয়ে ২০-২৫ জন করে গ্রুপ গঠন করে তাদের নিয়ে নিয়মিত দলীয় সভা আয়োজন করা। দলের সকল সদস্যগণের মধ্যে আন্ত যোগাযোগ বৃদ্ধি পেয়েছে ও তাদের নিজেদের সমস্যাগুলো নিজেরাই আলোচনার মাধ্যমে সমাধান করার সক্ষমতা অর্জন করেছে।
- উপকারভোগীদের নিয়ে প্রতিমাসে নিয়োগপ্রাপ্ত প্রশিক্ষক দিয়ে সিডিউল অনুযায়ী সেশন নেওয়ার ফলে সদস্যদের জীবন দক্ষতা উন্নয়ন, আয়বৃদ্ধিমূলক কর্ম দক্ষতা বৃদ্ধি পেয়েছে।
- ইউনিয়ন ও উপজেলা ভিজিডি কমিটির সাথে দ্বিমাসিক সভা করার ফলে নিজেদের মধ্যে সমন্বয় বৃদ্ধি পেয়েছে।
- আয়বৃদ্ধিমূলক কার্যক্রমের উপর প্রশিক্ষন প্রদান শেষে ১৭৯০ জনকে আয়বৃদ্ধিমূলক কাজে অন্তর্ভুক্ত করা হয়েছে।
- চক্র শেষে ব্যাংক মুনাফাসহ ২৪৬৯ জন উপকারভোগীকে মোট ১ কোটি ১৬ লক্ষ ১৬ হাজার ২০০ টাকা ফেরত নিশ্চিত করা হয়েছে।

## শিক্ষনীয় বিষয় সমূহ

১) কমিউনিটি পর্যায়ে অসহায় দুঃস্থ মহিলাদের সঠিকভাবে প্রশিক্ষণ প্রদান করে আইজিএ করার জন্য অনুদান প্রদান করলে তারা তা কাজে লাগিয়ে সাবলম্বি হতে পারে।

২) তারা প্রাপ্ত প্রশিক্ষণ কাজে লাগিয়ে বিভিন্ন সংস্থা হতে অনুদান নিয়ে আয়বৃদ্ধিমূলক কার্যক্রম বাস্তবায়ন করছে।

৩) প্রতিমাসে তারা ২০০ (দুইশত) টাকা করে যে সঞ্চয় জমা করে তা এককালীন পেয়ে আয়বৃদ্ধিমূলক কার্যক্রম করতে পারবে।

৪) বিভিন্ন ধরণের প্রশিক্ষণের ফলে তারা তাদের জীবনমানের ইতিবাচক পরিবর্তন এনেছে।

৫) বিভিন্ন ধরণের প্রশিক্ষণের ফলে তারা পুষ্টির অভাব পূরণ করেছে ও সুস্থ্যভাবে জীবন যাপন করছে।।

## সুপারিশসমূহ

১. প্রকল্পের মেয়াদ শেষে তাদের জমাকৃত সঞ্চয়ের সাথে আরও কিছু টাকা যোগ করে আইজিএ করার ব্যবস্থা করা।

২. প্রকল্পের মেয়াদ শেষে ফলোআপ চলমান রাখা।

৩. আইজিএ এর ফলোআপ চলমান রাখা।

## ৪. প্রধান প্রধান চ্যালেঞ্জ সমূহ

১) হতদরিদ্র উপকারভোগীল পক্ষে মাসে ২০০ টাকা সঞ্চয় জমা করা কষ্ঠ্য সাধ্য ব্যাপার।

২) মিটিং এ সময় না দেয়ার মানসিকতা

৩) আর্থিক অনুদান পাবার আশা।

## ১. কার্যক্রমের বিবরণ

| ক্র. | কার্যক্রমের নাম | লক্ষ্যমাত্রা (সংখ্যা) | অর্জন (সংখ্যা) | পার্থক্য (সংখ্যা) | কার্যক্রমের বিস্তারিত বিবরণ এবং পার্থক্যের কারণ |
|---|---|---|---|---|---|
| ১ | দল গঠন | ৯৯টি | ৯৯টি | - | কামারখন্দ উপজেলা ২০২১-২০২২ চক্রে ৪টি ইউনিয়নে মোট ২৪৬৯ জন উপকারভোগীদের প্রতি গ্রুপে ২০-২৫ জন করে ৯৯টি দল গঠন করা হয়। |
| ২ | প্রশিক্ষকের জন্য প্রশিক্ষণ (টিওটি) | ১ ব্যাচ | ১ ব্যাচ | - | প্রতি ইউনিয়নে ২ জন করে ৪টি ইউনিয়নে ৮ জন প্রশিক্ষক নিয়োগ দেয়া হয়। তাদের দক্ষতা উন্নয়নের জন্য ব্যবহৃত মডিউলের উপর ১ ব্যাচে টিওটি দেয়া হয়। এছাড়া ১বছর পর তাদের রিফ্রেশার প্রশিক্ষণ দেয়া হয়। |
| ৩ | উপকারভোগীদের জীবন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | ১৪৪০ টি | ১৩৮০ টি | ৬০টি | নিয়োগপ্রাপ্ত প্রশিক্ষক দ্বারা উপকারভোগীদের জীবনমান উন্নয়নের জন্য দল ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রতিমাসে চাল বিতরনে সহযোগিতা করার কারণে প্রশিক্ষণ শতভাগ অর্জণ হয় নাই। |
| ৪ | উপকারভোগীদের আয়বৃদ্ধিমূলক প্রশিক্ষণ | ৯৬০ টি | ৯৬০ টি | - | নিয়োগপ্রাপ্ত প্রশিক্ষক দ্বারা উপকারভোগীদের অর্থনৈতিক উন্নয়নের জন্য দল ভিত্তিক আয়বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়। |
| ৫ | আইজিএ ফলোআপ | ৯৯ টি | ৯৯ টি | - | ৯৯টি গ্রুপের যে সকল উপকারভোগী আইজিএ করেছে সেসব আইজিএ ফলোআপ করা এবং কোন সমস্যা হলে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট সেবাপ্রাপ্তির জন্য পাঠানো। |
| ৬ | ইউনিয়ন ভিজিডি কমিটির মিটিং | ৩২ টি | টি | - | প্রতি ইউনিয়নে ২মাসে একবার ইউনিয়ন ভিজিডি কমিটির সভা করা হয়। |
| ৭ | উপজেলা ভিজিডি কমিটির মিটিং | ৮টি | ৮টি | - | উপজেলা পর্যায়ে ২মাসে একবার করে উপজেলা ভিজিডি কমিটির সভা করা হয়। |
| ৮ | বাড়ী পরিদর্শন | ২৪৬৯ | ২৪৬৯ | - | একই বাড়ী একাধিকবার পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে বাড়ীর আঙ্গিনা পরিস্কার, টিউবয়েল ও ল্যাট্রিন পরিস্কারসহ স্বাস্থ্য বার্তাগুলো মেনে চলছে কিনা |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | তা ফলোআপ করা। |
| ৯ | উঠান বৈঠক | ৯৯টি গ্রুপে | ৯৯টি গ্রুপে | - | বাল্য বিবাহ, যৌতুক, নারী নির্যাতন, মাদক, ইভটিজিংসহ বিভিন্ন সামাজিক ইস্যূ নিয়ে উপকাভোগীদের সাথে উঠান বৈঠক করা হয়। |
| ১০ | সঞ্চয় আদায় | ২৪৬৯ জন | ২৪৬৯ জন | - | প্রতিমাসে চাল বিতরণের সময় উপকারভোগীদের নিজ নিজ নামে ব্যাংক একাউন্ড খোলা রয়েছে। সঞ্চয়ের টাকা জমা প্রদানে সহযোগিতা করা। |
| ১১ | চাল বিতরনে সহায়তা প্রদান | ৪টি ইউনিয়ন | ৪টি ইউনিয়ন | - | প্রশিক্ষক দ্বারা উপকারভোগীদের সংবাদ দেয়া, চাল বিতরনের সময় ইউনিয়ন পরিষদকে সহায়তা প্রদান করা হয়। |
| ১২ | সঞ্চয় ফেরত প্রদান | ২৪৬৯ জন | ২৪৬৯ জন | - | চক্র শেষে ব্যাংক মুনাফাসহ ২৪৬৯ জন উপকারভোগীর মাঝে তাদের জমাকৃত সমুদয় সঞ্চয় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, অফিস সহকারী, সংশ্লিষ্ঠ ইউপি চেয়ারম্যান, প্যানেল চেয়ারম্যান, ইউপি সচিব, ইউপি সদস্যদের উপস্থিতিতে ব্যাংক এশিয়ার মাধ্যমে সঞ্চয় ফেরত প্রদান করা হয়েছে। |

**ছবিতে কামারখন্দ উপজেলার কার্যক্রম সমুহঃ**




প্রশিক্ষকদের জন্য প্রশিক্ষণ (টিওটি) অনুষ্ঠানে উপস্থিত রয়েছেন এনডিপি’র উপপরিচালক জুবায়ের জাহান খান।



প্রশিক্ষক কর্তৃক প্রশিক্ষণ সেশন পরিচালিত হচ্ছে।

| | |
|---|---|
|  |  |
| **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে স্টাফদের সাথে মাসিক সমন্বয় সভা।** | **ইউপি চেয়ারম্যান ও ট্যাগ অফিসারের উপস্থিতিতে উপকারভোগীদের মাঝে চাল বিতরণ করা হয়।** |







| | |
|---|---|
| ভদ্রঘাট ইউনিয়নে ভিজিডি উপকারভোগীদের মাঝে সঞ্চয় ফেরত প্রদান করছেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মোসা. সেলিনা পারভীন ও ইউপি চেয়ারম্যান মো.আঃ মালেক খান। | জামতৈল ইউনিয়নে ভিজিডি উপকারভোগীদের মাঝে সঞ্চয় ফেরত প্রদান করছেন উপজেলা সমাজসেবা কর্মকর্তা মো. সবুজ আলী ও ইউপি চেয়ারম্যান মো.মকবুল হোসেন। |

প্রস্তুতকারী:

(মোঃ ফজল করিম)
প্রকল্প সমন্বয়কারী
ভিজিডি কর্মসূচী
এনডিপি-কামারখন্দ, সিরাজগঞ্জ।